অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/6/2022 **গভর্নর ক্যাথি হোকল**

পেন স্টেশনে গভর্নর হোকলের অধিকতর প্রশস্ত, আরো বেশি উজ্জ্বল LIRR কনকোর্স উদ্বোধন

33তম স্ট্রিটের কনকোর্সের প্রশস্ততা প্রায় দ্বিগুণে উন্নীত হয়েছে

18-ফুট-উঁচু আলোকিত সিলিং সপ্তম এভিনিউ থেকে অষ্টম এভিনিউ সাবওয়ে পর্যন্ত চলে গেছে

2023 সালের বসন্তে সম্পূর্ণ LIRR কনকোর্স প্রকল্প সম্পন্ন হয়ে যাবে

LIRR কনকোর্সের ছবিগুলো এখানে পাওয়া যাবে

গভর্নর ক্যাথি হোকল আজ পেন স্টেশনে নাটকীয়ভাবে অধিকতর প্রশস্ত লং আইল্যান্ড রেল রোড কনকোর্স উদ্বোধন করেছেন। ক্রুরা কনকোর্সটি পূর্বের 30 ফুট থেকে প্রশস্ত করে 57 ফুট করেছে এবং সিলিং-এর উচ্চতা বৃদ্ধি করে 18 ফুট করেছে। কনকোর্সটি 1/2/3 সাবওয়ের কাছাকাছি সপ্তম এভিনিউ থেকে A/C/E সাবওয়ের কাছাকাছি অষ্টম এভিনিউ পর্যন্ত চলে গেছে এবং এখন এতে 9,500 বর্গফুট জায়গায় প্রোগ্রামযোগ্য ও রঙ পরিবর্তনকারী LED সিলিং লাইট লাগানো হয়েছে। যথাসময়ে ও বাজেটের মধ্যে কনকোর্সটি পুনরায় চালু হওয়া পেন স্টেশনকে প্রাকৃতিক আলো আসার জন্য উন্মুক্ত একটি আধুনিক, প্রশস্ত, বিশ্বমানের এক-লেভেলবিশিষ্ট টার্মিনাল হিসেবে পুরোপুরি পুনর্নির্মাণের পথে গৃহীত একটি পদক্ষেপ। পেন স্টেশন LIRR কনকোর্সের পুনর্নির্মাণ তিনটি প্রধান প্রকল্পের মধ্যে একটি যেটি সামনের মাসগুলোতে LIRR-এর যাত্রীদের অভিজ্ঞতার রূপান্তর ঘটাবে, যেটি গ্র্যান্ড সেন্ট্রাল ম্যাডিসনে পরিষেবা চালু হওয়া এবং একটি নতুন মেইন লাইন থার্ড ট্র্যাক চালু হওয়ার পাশাপাশি ঘটছে।

"পেন স্টেশন শুধু উত্তর আমেরিকার ব্যস্ততম ট্রানজিট হাবই নয়, বরং এটি নিউ ইয়র্ক সিটির প্রাণকেন্দ্রও বটে, এবং অনেক দীর্ঘ সময় ধরে এটি নিউ ইয়র্কবাসীদেরকে তাদের প্রাপ্য অভিজ্ঞতা প্রদান করতে পারেনি," **বলেছেন গভর্নর হোকল**। "আজ আমরা একটি অধিকতর প্রশস্ত, উজ্জ্বলতর লং আইল্যান্ড রেল রোড কনকোর্স উন্মোচন করার মধ্য দিয়ে পেন স্টেশনের ছাদ উঁচু করছি - আক্ষরিক অর্থে এবং রূপক অর্থে - এবং একটি উন্নত ভবিষ্যতের পথ নির্মাণ

করছি। পেন স্টেশনকে একটি বিশ্বমানের ট্রানজিট হাব হিসেবে তৈরি করা এবং নিউ ইয়র্ককে আরো বেশি বাসযোগ্য, ও প্রিয় সিটিতে পরিণত করার দিকে আমরা এক ধাপ এগিয়ে গিয়েছি।"

প্রতিদিন পেন স্টেশনের 600,000 ব্যবহারকারীর মধ্যে অর্ধেকেরও বেশি সংখ্যক LIRR কনকোর্স দিয়ে গমন করে থাকেন, যাদের মধ্যে পেন স্টেশনের 200,000-এরও বেশি দৈনিক LIRR যাত্রী অন্তর্ভুক্ত রয়েছেন। 2023 সালের শুরুতে LIRR কনকোর্স প্রকল্প সম্পন্ন হলে নিম্নলিখিত বিষয়গুলোও পেন স্টেশনে গ্রাহক অভিজ্ঞতা ব্যাপকভাবে সমৃদ্ধ করবে:

- নতুন মেকানিক্যাল সিস্টেম যা উন্নত বায়ু চলাচল এবং ব্যাপক পরিমাণে তাজা বাতাস আসার সুযোগ করে দেয়;
- বর্ধিত অ্যাক্সেসযোগ্যতা যার মধ্যে একটি নতুন এলিভেটরের মাধ্যমে প্রবেশপথ, চারটি এলিভেটর প্রতিস্থাপন এবং নতুন এলিভেটর যোগাযোগ ব্যবস্থা অন্তর্ভুক্ত রয়েছে;
- সহজাত জ্ঞানের সাথে সঙ্গতিপূর্ণভাবে পথ খুঁজে নেওয়ার উপায়; এবং
- আরো বেশি খুচরা দোকান ও ডাইনিং-এর অপশন।

MTA-এর সভাপতি ও CEO জ্যানো লিয়েবের বলেন, "এই অধিকতর প্রশস্ত, আরো বেশি উজ্জ্বল LIRR কনকোর্স ভবিষ্যতে যা আসতে যাচ্ছে তার সামান্য অংশ মাত্র, শুধু LIRR যাত্রীদের জন্য নয় বরং সব নিউ ইয়র্কবাসীর জন্য। গভর্নর হোকল পেন স্টেশনের সমস্যা সমাধান করাকে অগ্রাধিকার দিয়েছেন, এবং এই প্রকল্প দেখিয়ে দিচ্ছে যে MTA 50 বছরেরও বেশি সময় ধরে নিউ ইয়র্কবাসীদের ভোগান্তি পোহানো এই পুরোনো টার্মিনালটিকে একটি বিশ্বমানের ফ্যাসিলিটিতে রূপান্তর সম্পন্ন করার জন্য প্রস্তুত।"

লং আইল্যান্ড রেল রোড-এর অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট এবং মেট্রো-নর্থ রেলপথের প্রেসিডেন্ট ক্যাথেরিন রিনাল্ডি বলেন, "LIRR একটি আধুনিক, আরো বেশি নমনীয় এবং আরো বেশি অ্যাক্সেসযোগ্য রেলপথ হিসেবে রূপান্তরের পথে আরো এক ধাপ এগিয়ে গেছে। নতুন উঁচু ছাদ, উজ্জ্বল বাতি, উন্নত বায়ু চলাচল এবং উন্নত অ্যাক্সেসযোগ্যতা সবার জন্য আরো বেশি স্বাচ্ছন্দ্যপূর্ণ ও উষ্ণ একটি পরিবেশ তৈরি করছে।"

MTA নির্মাণ ও উন্নয়ন (MTA Construction and Development)-এর প্রেসিডেন্ট জ্যামি টোরেস স্প্রিংগার বলেন, "MTA যথাসময়ে প্রকল্পের মাইলফলকগুলো সম্পন্ন করা অব্যাহত রেখেছে এবং নতুন, অধিকতর উঁচু ছাদ ও অধিকতর প্রশস্ত কনকোর্স উন্মোচনের বিষয়টি এই প্রকল্প সম্পন্ন করে স্টেশনের সম্পূর্ণ পুনর্নির্মাণের দিকে সরে যাওয়ার সময়ে পেন স্টেশনে ঘটতে যাওয়া পরিবর্তনগুলো নির্দেশ করছে। এই শরতকালের শুরু থেকে পেন স্টেশনের যাত্রীরা যে উল্লেখযোগ্য সমৃদ্ধ অভিজ্ঞতা উপভোগ করতে যাচ্ছেন এটি তার সূচনা মাত্র।"

আজ উন্মোচিত হওয়া LIRR কনকোর্স প্রকল্পে 380 মিলিয়ন ডলারের স্টেট তহবিল ব্যয় হচ্ছে যেখানে 30 শতাংশ কন্ট্রাক্ট সংখ্যালঘু ও মহিলাদের মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে প্রদান করা হয়েছে। এই করিডরের জন্য মোট ব্যয়ের পরিমাণ 559 মিলিয়ন ডলার।

ইস্ট এন্ড গেটওয়ের (East End Gateway) নির্মাণকাজ 2019 সালের জুন মাসে শুরু হয়েছিল, যেটিজনসাধারণের ব্যবহারের জন্য 2020 সালের ডিসেম্বর মাসে উন্মুক্ত করে দেওয়া হয়।

2022 সালের মার্চ মাসে, সাতটি বিশাল আকারের, কম উচ্চতায় অবস্থিত দশ-টন ওজনের বিম সরিয়ে ফেলা হয়, যেগুলো অনানুষ্ঠানিকভাবে "হেড নকার্স" নামে পরিচিত ছিল, যা ঐতিহাসিক কাল থেকে পেন স্টেশনের যাত্রী চলাচলের পথের উচ্চতা 6 ফুট, 8 ইঞ্চিতে সীমিত করে দিয়েছিল। পেন স্টেশনের উপরের কাঠামোগুলো এখন স্কানস্কা (Skanska)/AECOM-এর স্থাপন করা একটি অভিনব কাঠামোগত ফ্রেমিং সিস্টেমের সহায়তায় দাঁড়িয়ে আছে।

###

অতিরিক্ত খবর উপলব্ধ আছে www.governor.ny.govএ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418